দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 31 JUL 2007
পৃষ্ঠা ৬ কলাম ৬

# স্কুলে ভর্তি সমাচার ও স্কুল কমিটির সদস্যদের শিক্ষাগত যোগ্যতা

ইরানে ডাক্তারি পেশা ছেড়ে দেশে ফিরে ছেলেমেয়েদের ভর্তি নিয়ে বেশ সমস্যায় পড়লাম। মার্চ মাস, প্রত্যেক স্কুলে ভর্তি পরীক্ষা শেষ। মনিপুর, হারম্যান মেইনার স্কুলে ভর্তি করতে ব্যর্থ হয়ে মিরপুর বাংলা উচ্চ বিদ্যালয়ে ভর্তির চেষ্টা শুরু করলাম। হেডমাস্টার সাহেবের সঙ্গে যোগাযোগ করলে তাকে অসহায় মনে হলো এ ব্যাপারে। ফিরে যাবার সময় এক অভিভাবককে জিজ্ঞেস করলে তিনি মেম্বারদের সঙ্গে যোগাযোগের পরামর্শ দেন। বিদেশে ছিলাম শুনে প্রত্যেক মেম্বারই টাকা দাবি করলেন। ২০,০০০ টাকার কম কেউ চাইলেন না। মিরপুর ৬ নম্বর সেকশনের একজন সদস্যের সঙ্গে কথা বললে তিনি অন্য একজনকে দেখিয়ে দিলেন। তার সঙ্গে কথা বললে তিনি ২৫,০০০ টাকা দাবি করে বললেন, ঐ মেম্বার সরাসরি কোন কাজ করেন না। তাকে ঐ পরিমাণ টাকা দিলে তিনি সব ব্যবস্থা করে দেবেন। কৌতূহলবশত একজন মহিলা সদস্যের সঙ্গে যোগাযোগ করলে তিনি পাঁচ হাজার টাকার বিনিময়ে আমার ছেলেকে ভর্তি করে দিলেন। ছেলেকে নিয়ে স্কুলে আসি। ক্রমে ক্রমে জানতে পারলাম, এ স্কুলের কমিটির কোন সদস্যই মেট্রিক পাস নন। তাহলে তারা কিভাবে শিক্ষা উন্নয়নে ভূমিকা রাখেন? এটা শিক্ষকদের জন্য অপমানকর নয়কি? এর জন্য দুঃখবোধ হয়। তাই উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রতি বিনীত অনুরোধ এই যে ম্যানেজিং কমিটির সদস্যদের শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে ডিগ্রি পাস হতে হবে, এমন আইন করা হোক।

—জনৈক অভিভাবক